

from

৩০
২৫

ভিকারুননিসা স্কুল ও কলেজে বিজ্ঞান মেলা

স্টাফ রিপোর্টার ৷ বিজ্ঞান শিক্ষাকে শুধু শহরকেন্দ্রিক না করে দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে দিতে হবে। আমাদের দেশের মতো অনেক দেশ আছে, যেখানে যেয়ে বিজ্ঞান শিক্ষায় পিছিয়ে আছে, তাদের বিজ্ঞান শিক্ষায় এগিয়ে আসতে হবে। সপ্তমবার ভিকারুননিসা নুন স্কুল ও কলেজের সায়েন্স ক্লাব আয়োজিত চার দিনব্যাপী 'একাদশ বিজ্ঞান মেলা-এর উদ্বোধনী অনুষ্ঠানে সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এম শমশের আলী এ কথা বলেন। তিনি বলেন, বিজ্ঞানের ক্ষেত্রে অনেক নারী আছেন, যারা বিভিন্ন বিষয়ে অবদান রেখেছেন। আজকের এই ক্ষুদ্র বিজ্ঞানীরাও চেষ্টা করলে অনেক ভালকিছু করতে পারে। নারীপুরুষ সকলকেই এ বিষয়টি সমানভাবে দেখতে হবে— গত ৩০ বছরে বিজ্ঞানকে ব্যবহার করে অনেক দেশ বহুদূর এগিয়ে গেছে। বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ সভাপতি মাহফুজুর রহমানের সভাপতিত্বে স্বাগত বক্তব্যে সায়েন্স ক্লাব পরিচালক রোকেয়া আক্তার বেগম বলেন, শিক্ষার মাধ্যমে হাতে কলমে বিজ্ঞানের প্রতি আকৃষ্ট করতেই আমাদের আজকের এই আয়োজন। তিনি আরও বলেন, বিজ্ঞান মানুষকে ধ্বংসের জন্য নয়। বিজ্ঞানের মাধ্যমে মানুষের যে ক্ষতিকর দিক রয়েছে আমরা তার প্রতিবাদ জানাই 'ছলুক শক্তির শিখা বিজ্ঞান ছায়াতলে পড়ুক যুদ্ধের চুকা ফুস্কের কোপানলে' শ্লোগানের মধ্যদিয়ে। আরও ১৪টি স্কুল-কলেজের শিক্ষার্থীরা ফেস্টিভ্যাল মেলায় অংশগ্রহণ করে। তবে তারা কুইজ, এ্যাস্ট্রো অলিম্পিয়া, মেথ অলিম্পিয়া, উপস্থিত বক্তৃতাসহ বিভিন্ন প্রোগ্রামে অংশগ্রহণ করে। আর স্টল প্রদর্শন করেছে শুধু ভিকারুননিসা নুন স্কুল ও কলেজের ছাত্রীরা। স্টল সংখ্যা ২৮৫টি। মেলায় প্রদর্শিত প্রজেক্টগুলোর মধ্যে রয়েছে যানজট মুক্ত ঢাকা শহর, ওয়াটার জেনারেটর, পরিবেশ রক্ষায় করণীয়, বায়ু থেকে বিদ্যুৎ উৎপাদন, পেসিল রেজিষ্টার, কলাগাছের সার্কার থেকে 'সুডা' ও 'পার্টেল' তৈরি, আলো নিয়ন্ত্রিত সুইচিং, আবহাওয়া থেকে জ্বালানি তেল উৎপাদন ইত্যাদি। মহাকাশ পর্যবেক্ষণেরও ব্যবস্থা করা হয়েছে।